আজকের কাগজ

তারিখ 08 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৬

III

ঢাঃ বিঃ ক্যাম্পাসে

## কাল রাতে ব্যাপক গোলাগুলি হয়েছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** গতকাল সোমবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক গুলিবিনিময়ের খবর পাওয়া গেছে। থেমে থেমে জিয়া, সূর্যসেন, জগন্নাথ, জহুরুল ও মুহসীন হল এলাকা থেকে গুলির শব্দ শোনা যায়। এই ঘটনায় ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে। শেষ খবর পাওয়া পর্যন্ত গুলিবিনিময় চলছে। গতকাল রাত দশটা থেকে গুলিবিনিময় শুরু হয়েছে বলে জানা গেছে।